যেহেতু, জনাব মোঃ হুমায়ুন কবির (বিপি নং-৬৭৯০০০০০৪৭), সহকারী পুলিশ সুপার, আরআরএফ, রাজশাহী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর মতামত ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত "অদক্ষতা" ও "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩(খ) মোতাবেক "গুরুদণ্ড" হিসেবে চাকরি হইতে "বাধ্যতামূলক অবসর প্রদান" করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নাসিমুল গনি
সিনিয়র সচিব।

---

জাতীয় রাজস্ব বোর্ড
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৫ মাঘ ১৪৩২বঙ্গাব্দ/০৮ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.

নং-০৭/২০২৬/কাস্টমস/৫৯।—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স ফ্লু-ওয়াং হোল্ডিং এন্ড সার্ভিসেস লি. [বন্ড লাইসেন্স নং-১৪৭০/কাস-এসবিডব্লিউ/২০১৩, তারিখ: ১৬-০১-২০১৩ খ্রি.] নামীয় শুল্কমুক্ত বিপণী (Duty Free Shop) এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্র. নং | পণ্যের বিবরণ | ২০২৫-২৬ অর্থ বছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১ | সিগারেট | ১৮,৮০২.২০ |
| ২ | লিকার | ৫১,৩১০.০০ |
| ৩ | পারফিউম | ১,২০৬.৭২ |
| | মোট | ৭১,৩১৮.৯৩ (একাত্তর হাজার তিনশত আঠারো দশমিক নয় তিন) মার্কিন ডলার |

নং-০৮/২০২৬/কাস্টমস/৬০।—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান মেসার্স টপ্স বন্ড (প্রাঃ) লিমিটেড (বন্ড লাইসেন্স নং-০২/কাস-এসবিডব্লিউ/১৯৭৯, তারিখ: ১৯-০১-১৯৭৯ খ্রি.) এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৫-২৬ অর্থবছরের নির্ধারিত আমদানি প্রাপ্যতা |
|---|---|---|

তারিখ: ২৭ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ/১০ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

নং-০৯/২০২৬/কাস্টমস/৬৯।—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান মেসার্স ঢাকা ওয়্যার হাউজ লিমিটেড (বন্ড লাইসেন্স নং-৭কাস-এসবিডব্লিউ/৮১, তারিখ: ১১-০৪-১৯৮১ খ্রি.) এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৫-২৬ অর্থবছরের নির্ধারিত আমদানি প্রাপ্যতা |
|---|---|---|
| ১. | মেসার্স ঢাকা ওয়্যার হাউজ লিমিটেড | ৫,৫০,০০০.০০ (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) মার্কিন ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সুমাইয়া সুলতানা
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

---

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬

আদেশ

তারিখ : ১৯ মাঘ ১৪৩২/০২ ফেব্রুয়ারি, ২০২৬

নং ১০.০০.০০০০.১৩০.১১.০২৮.২৫.৭৭—The Notaries Ordinance, 1961 এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব এস.এ.বি. বাকিউল হক, পিতা-এস. এ. বি. সিরাজুল হক-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারি হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩(তিন) বৎসর মেয়াদের জন্য নোটারিরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারিরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964 এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারিরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাসান মাহমুদুল ইসলাম